(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টমস হাউস, ঢাকা।

www.dch.gov.bd

Email: **dch@nbr.gov.bd**

নথি নং-৫- কাস- ১২(২৪) নিলাম/প্রকাশ্য নিলাম/২০২৫/১৫১ তারিখ: ০৪/০১/২০২৬ খ্রি.

বিষয় : কাস্টমস হাউস, ঢাকা'র প্রকাশ্য নিলাম নং- ০১/২০২৬ আয়োজন এবং ব্যাপক প্রচারণা/মাইকিংকরণ।

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অধিক্ষেত্রাধীন এয়ারফ্রেইট ইউনিটে রক্ষিত পণ্যাদি ১৮/১০/২০২৫খ্রি.তারিখের অগ্নিকান্ডে পুড়ে যাওয়ার পর ধ্বংসাবশেষের মধ্যে অবশিষ্ট বিভিন্ন ধরণের স্ক্র্যাপ যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে কাস্টমস আইন, ২০২৩ এর ধারা-৯৪ এর ক্ষমতাবলে প্রকাশ্য নিলাম এর মাধ্যমে বিক্রি করা হবে । নিম্ন ছকে বর্ণিত সময় ও নিয়মানুযায়ী নিলাম অনুষ্ঠিত হবে:

১. নিলাম নং ও অনুষ্ঠানের তারিখ : প্রকাশ্য নিলাম নং- ০১/২০২৬, তারিখ: ০৭/০১/২০২৬ খ্রি.। সময় ১২:০০ টায় কাস্টমস হাউস, ঢাকা'র আমদানি কার্গো কমপ্লেক্সের পার্কিং লটে দরদাতাদের সামনে অনুষ্ঠিত হবে।

২. অংশগ্রহণকারীগণের তালিকা প্রস্তুত : ০৭/০১/২০২৬ খ্রি. [ সময় ৯:৩০-১২:০০ টায় আমদানি কার্গো কমপ্লেক্সের পার্কিং এরিয়া ]।

৩. পত্রিকা প্রকাশের তারিখ : ০৫/০১/২০২৬ খ্রি. [১ম সারির সার্কুলেশন অনুযায়ী জাতীয় দৈনিকের ক্রমিক নং-০১ থেকে ০৫ এর মধ্যে হবে ]।

৪. মাইকিংকরণের তারিখ : ০৫/০১/২০২৬ খ্রি. ও ০৬/০১/২০২৬ খ্রি. পর্যন্ত কমপক্ষে ২(দুই) কিলোমিটার পর্যন্ত চতুর্দিকে এবং নিকটবর্তী বাজারে মাইকিং করতে হবে।

৫. নিলামে অংশগ্রহণকারীকে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবেঃ-
(ক) দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ঃ হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন, টি. আই. এন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র ;
(খ) ব্যক্তির ক্ষেত্রে ঃ জাতীয় পরিচয়পত্র, টি. আই. এন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র ।

৬. প্রতি কেজি স্ক্র্যাপের জন্য দর (উৎসে কর ও উৎসে মুসক ব্যতিত) প্রস্তাব করতে হবে। প্রতি কেজি স্ক্র্যাপের বিপরীতে সর্বোচ্চ দরদাতার অনুকূলে বিক্রয় আদেশ প্রদান করা হবে।

৭. যেখানে যে অবস্থায় স্ক্র্যাপ রয়েছে সে অবস্থায় বুঝে নিতে হবে। স্ক্র্যাপ বুঝে/সরবরাহ নেওয়ার পূর্বে ওজন করে নিতে হবে এবং স্ক্যাপের ওজন করার জন্য ওয়িং স্কেল আগ্রহী ক্রেতাকেই সরবরাহ করতে হবে। প্রত্যহ দিনের আলোতে পণ্য সরবরাহ গ্রহণ করতে হবে।

৮. নিলামে সর্বোচ্চ দরদাতার অনুকূলে নিলাম অনুষ্ঠানের দিন বিক্রয় আদেশ প্রদান করা হবে। বিক্রয় আদেশ প্রাপ্তির এক দিনের মধ্যে উক্ত দরদাতাকে কমপক্ষে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার ব্যাংক গ্যারান্টি (নিঃশর্ত ও অব্যাহত) কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা বরাবর জমা দিতে হবে। নিলাম অনুষ্ঠানের ০৭(সাত) দিনের মধ্যে পণ্য খালাস নিতে হবে। পণ্য খালাস নিতে ব্যর্থ হলে বিক্রয় আদেশ বাতিল বলে গণ্য হবে এবং ব্যাংক গ্যারান্টি বাজেয়াপ্ত/নগদায়ন করা হবে।

৯. কাস্টমস হাউস, কাস্টমস গোয়েন্দা, বেবিচক ও বিমান বাংলাদেশ এয়ার লাইন্স এর প্রতিনিধিসহ দরদাতার উপস্থিতিতে পণ্যের ওজন গ্রহণ করতে হবে এবং নির্ধারিত ডেলিভারী চালান ব্যতিত কোন পণ্য বাহিরে নেওয়া যাবে না। প্রত্যহ দিনের আলোতে পণ্য সরবরাহ করতে হবে।

১০. যে দিনে যে পরিমাণ পণ্য খালাস হবে, সে দিন সে পরিমাণ পণ্যের মূল্য এবং উক্ত মূল্যের উপর ১০% হারে উৎসে কর ও ১৫% হারে উৎসে মূসক ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে।

১১. ওজন হিসেবে মোট স্ক্র্যাপের সর্বমোট মূল্য এবং উহার উপর প্রযোজ্য উৎসে কর ও উৎসে মূসক পরিশোধ সাপেক্ষে এবং প্রয়োজনে সমন্বয়পূর্বক ব্যাংক গ্যারান্টি ফেরত/অবমুক্ত/নগদায়ন করা হবে।

১২. প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ডাককারীগণ ০৬/০১/২০২৬ খ্রি. তারিখে সকাল ১০:০০-১২:০০ টার মধ্যে স্ক্র্যাপ সরেজমিনে পরিদর্শণের সার্বিক সহযোগিতা করা জন্য নির্দেশ প্রদান করা হলো।

১৩. কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন নিলাম বাতিল/গ্রহণ করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০২। এ পরিপ্রেক্ষিতে, উক্ত তারিখের মধ্যে সংযুক্ত বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে নির্দেশ দেয়া হলো। প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি প্রকাশ হলে উক্ত পত্রিকার কপি প্রকাশ্য নিলাম নং-০১/২০২৬ এর জন্য আগামী ০৬/০১ /২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি।

মোঃ মাহবুবুর রহমান
ডেপুটি কমিশনার অব কাস্টমস
ও
সদস্য সচিব, নিলাম কমিটি
ফোন: ০২-৮৯০১৬৩৭
ই-মেইল: dch@nbr.gov.bd

প্রাপক : মেসার্স কে এম কর্পোরেশন (নিলামকারী),
৮০, মতিঝিল বা/এ, ঢাকা।

CamScanner

তারিখ: ০৪/০১/২০২৬ খ্রি.

নথি নং-৫- কাস- ১২(২৪) নিলাম/প্রকাশ্য নিলাম/২০২৫/১৫১(১-১২)

অনুলিপি সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭ (তাঁকে প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে (www.nbr.gov.bd) প্রকাশের ব্যবস্থার অনুরোধসহ)।

০২। দ্বিতীয় সচিব (কাস্টমস গোয়েন্দা ও নিলাম), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭।

০৩। ডেপুটি/সহকারী কমিশনার, এয়ারফ্রেইট ইউনিট, কাস্টমস হাউস, ঢাকা।

০৪। ডেপুটি/সহকারী কমিশনার, কুরিয়ার ইউনিট ,কাস্টমস হাউস, ঢাকা।

০৫। সহকারী ইডিপি ম্যানেজার, কাস্টমস হাউস, ঢাকা (তাঁকে প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তিঃ এদপ্তরের ওয়েবসাইটে (www.dch.gov.bd) প্রকাশের ব্যবস্থার অনুরোধসহ)।

০৬। উপ-মহাব্যবস্থাপক, পণ্য টার্মিনাল, কার্গো কমপ্লেক্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা

০৭। ব্যবস্থাপক (আমদানি), পণ্য টার্মিনাল, কার্গো কমপ্লেক্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা [ তাঁকে নিলামকারী মেসার্স কে এম কর্পোরেশন (নিলামকারী),৮০,মতিঝিল বা/এ, ঢাকা (মোবাইল নং-০১৮২৩-৫৩০২২৫) ] এর সহযোগিতায় প্রকাশ্য নিলাম-০১/২৬ এর আমদানি কার্গো কমপ্লেক্সের পার্কিং এ আগামী ০৬/০১/২০২৬ খ্রি. তারিখে সকাল ১০:০০-১২:০০ টার দরদাতাগণের নিকট প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর থানা, কুর্মিটোলা, ঢাকা (তাঁকে আগামী ০৭/০১/২০২৫ খ্রি. তারিখে বর্ণিত প্রকাশ্য নিলামে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ সদস্যকে দুপুর ১২:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আমদানি কার্গো কমপ্লেক্সের পার্কিং এ মোতায়েন করা জন্য অনুরোধ করা হলো)।

০৯। প্লাটুন কমান্ডার, আনসার, কাস্টমস হাউস, ঢাকা (তাঁকে আগামী /০১/২০২৫ খ্রি. তারিখে বর্ণিত প্রকাশ্য নিলামে সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্যকে সকাল ৯:৩০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের আমদানি কার্গো কমপ্লেক্সের পার্কিং এ এ মোতায়েন করা জন্য অনুরোধ করা হলো)।

১০। যানবাহন কর্মকর্তা, কাস্টমস হাউস, ঢাকা (তাঁকে আগামী ০৭/০১/২০২৬ খ্রি. প্রকাশ্য নিলামের কাজে পর্যাপ্ত সংখ্যক গাড়ীর ব্যবস্থা রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

১১। পিএ টু কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা (কমিশনার অব কাস্টমস মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২। নোটিশ বোর্ড, কাস্টমস হাউস, ঢাকা।

04/01/26

মোঃ মাহবুবুর রহমান
ডেপুটি কমিশনার অব কাস্টমস
ও
সদস্য সচিব, নিলাম কমিটি।

CS CamScanner